যুগান্তর

3 APR 2003
পৃষ্ঠা ... ৩ ...

# ক্লাস হয় না, তাই উচ্চ শিক্ষার মানের অবনতি

● জরিপে উদ্বেগজনক চিত্র

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক ও স্নাতকোত্তর কলেজগুলো বছরের ৩৬৫ দিনের মধ্যে বিভিন্ন ধরনের ছুটির কারণে ২৭৭ দিনই বন্ধ থাকে। খোলা থাকে ৮৮ দিন। ক্লাসরুম ও শিক্ষক সংকটের কারণে ওই ৮৮ দিনও ঠিকমতো ক্লাস হয় না। ফলে দেশে উচ্চ শিক্ষার মানের ক্রমাবনতি ঘটেই চলেছে।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের এক জরিপ থেকে এই উদ্বেগজনক চিত্র পাওয়া গেছে। দেশের জেলা সদরগুলোর প্রধান প্রধান ৬৯টি কলেজে জরিপ চালিয়ে এই রিপোর্ট তৈরি করা হয়েছে। গতকাল পল্টন ময়দানে জাতীয় কনভেনশনে এই তথ্য প্রকাশ করা হয়।

সংগঠনের সভাপতি নুরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কমরেড

মান : পৃষ্ঠা ৭ : কলাম ৫

## মান : অবনতি

(৩য় পৃষ্ঠার পর)

খালেকুজ্জামান, কমরেড নির্মল সেন, রাশেদ খান মেনন, মুজাহিদুল ইসলাম সেলিম, টিপু বিশ্বাস, সাংবাদিক আতাউস সামাদ, ড. আয়েশা খাতুন, ব্যারিস্টার আরশ আলী, মসিউদ্দিন সাকের, শিরীন বানু মিতিলসহ প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর নেতারা বক্তৃতা করেন। কনভেনশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নের জন্য স্বতন্ত্র পরীক্ষা হল ও ক্লাসরুম নির্মাণ করে সারা বছর ক্লাস চালু, পর্যাপ্ত শিক্ষক নিয়োগসহ ৮ দফা দাবি উত্থাপন করা হয়। এতে আগামী বাজেটে ৮ দফা বাস্তবায়নে বিশেষ বরাদ্দের দাবি করা হয়। দাবিগুলো আদায়ে জাতীয় কমিটি এবং ছাত্র সংগ্রাম কমিটি গঠনেরও ঘোষণা দেয়া হয়। কনভেনশন থেকে ইরাকে ইঙ্গ-মার্কিন বাহিনীর সাম্রাজ্যবাদী যুদ্ধের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে যুদ্ধ বন্ধ এবং ইরাক পুনর্গঠনের জন্য যুক্তরাষ্ট্র ও ব্রিটিশদের কাছ থেকে ক্ষতিপূরণ দানের দাবি জানানো হয়েছে।